DEC. 03 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ........
পৃষ্ঠা 7 কলাম 1 ......

# এবতেদায়ী মাদ্রাসা ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সরকারী অর্থ অবমুক্ত

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক/কর্মচারীদের নবেম্বর মাসের বেতন-ভাতার সরকারী অংশ সংশ্লিষ্ট ব্যাংকে অবমুক্ত করা হয়েছে। এসব প্রতিষ্ঠানের যেসব শিক্ষক-কর্মচারী ২০০১-২০০২ অর্থ বছরে বকেয়া টাকা সঙ্গতকারণে তুলতে পারেননি তারাও ব্যক্তিগত এ্যাকাউন্টের মাধ্যমে বকেয়া অর্থ তুলতে পারবেন। ১২ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে এই অর্থ তোলার জন্য অনুরোধ জানানো হয়েছে।

এছাড়াও সরকারী অনুদানভুক্ত এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদেরও অক্টোবর-নবেম্বর মাসের বেতনের অর্থ অবমুক্ত করা হয়েছে। প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট ব্যাংক থেকে অর্থ তুলতে পারবেন। যাঁরা সঙ্গতকারণে জুলাই-সেপ্টেম্বর মাসের অর্থ তুলতে পারেননি তারাও ঐ সময়ের বকেয়া টাকা একই সাথে তুলতে পারবেন। খবর তথ্য বিবরণীর